

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
সাংস্কৃতিক ঐতিহ্য-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
([www.moca.gov.bd](http://www.moca.gov.bd))

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরের শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য মন্ত্রণালয়ের বাছাই কমিটি'র সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ বদরুল আরেফীন  
সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।  
সভার তারিখ : ১৩/০৬/২০২১খ্রি:।  
সময় : দুপুর ০২.০০ ঘটিকা  
সভার স্থান : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা 'পতাকা-ক'-তে সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুসারে সকল সদস্য কর্তৃক “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭” এর এর ৪ নম্বর নীতিতে উল্লেখিত মূল্যায়ন ছক এবং ৫ নম্বর নীতিতে উল্লেখিত “পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ” অনুসারে পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত সকল মানদণ্ড বিস্তারিত পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়সমূহ:

১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের (১-১০)তম গ্রেডের আওতায় উপসচিব জনাব মোস্তফা মোরশেদ'কে “জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১” প্রদান করা হবে।
২. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের (১১-২০)তম গ্রেডের আওতায় অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব মো: শাহীন রেজা'কে “জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১” প্রদান করা হবে।
৩. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য থেকে গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: আবু বকর সিদ্দিক (অতিরিক্ত সচিব) কে “জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১” প্রদান করা হবে।
৪. শুদ্ধাচার পুরস্কার হিসেবে পুরস্কারপ্রাপ্তদের প্রত্যেককে একটি সার্টিফিকেট ও অর্থ পুরস্কার প্রদান করা হবে।

পরিশেষে সভাপতি মহোদয় সদস্যবৃন্দকে নিজ নিজ কর্মক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ এবং আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
১৩/০৬/২০২১  
(মো: বদরুল আরেফীন)  
সচিব  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১৩০.২৩.০০১.২০.১০২


তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৪ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ঐতিহ্য), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে কর্মপরিকল্পনাটি আপলোডের অনুরোধসহ)।
- ০২। অফিস কপি/গার্ড ফাইল।

  
(রাজিব কুমার দেবনাথ) ১৪/৬/২১  
যুগ্মসচিব  
ফোন: ৯৫১৪১৬০